

💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৮২১

১০/ কুরবানী প্রসঙ্গে (کتاب الضحایا)

পরিচ্ছেদঃ ৯৭. রজব মাসে কুরবানী করা প্রসংগে।

باب فِي الْعَتِيرَةِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ، ح وَحَدَّثَنَا نَصِرُ بْنُ عَلِيٍّ، عَنْ بِشِر بْنِ الْمُفَضَّلِ، _ الْمَعْنَى _ حَدَّثَنَا خَالِدٌ الْحَذَّاءُ، عَنْ أَبِي قِلاَبَةَ، عَنْ أَبِي الْمَلِيحِ، قَالَ قَالَ نُبَيْشَةُ نَادَى رَجُلٌ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم إِنَّا كُنَّا نَعْتِرُ عَتِيرَةً فِي الْجَاهِلِيَّةِ فِي رَجَبٍ فَمَا تَأْمُرُنَا قَالَ " انْبَحُوا لِلَّهِ فِي أَيِّ عَليه وسلم إِنَّا كُنَّا نَعْتِرُ عَتِيرَةً فِي الْجَاهِلِيَّةِ فِي رَجَبٍ فَمَا تَأْمُرُنَا قَالَ " انْبَحُوا لِلَّهِ فِي أَيِّ شَهْرٍ كَانَ وَبَرُّوا اللَّهَ عَزَّ وَجَلَّ وَأَطْعِمُوا " . قَالَ إِنَّا كُنَّا نُفْرِعُ فَرَعًا فِي الْجَاهِلِيَّةِ فَمَا شَهْرٍ كَانَ وَبَرُّوا اللَّهَ عَزَّ وَجَلَّ وَأَطْعِمُوا " . قَالَ إِنَّا كُنَّا نُفْرِعُ فَرَعًا فِي الْجَاهِلِيَّةِ فَمَا تَأْمُرُنَا قَالَ " فِي كُلِّ سَائِمَةٍ فَرَعٌ تَعْذُوهُ مَاشِيَتُكَ حَتَّى إِذَا اسْتَحْمَلَ " . قَالَ نَصْرُ " السَّبيلِ السَّتَحْمَلَ لِلْحَجِيجِ ذَبَحْتَهُ فَتَصِدَقْتَ بِلَحْمِهِ " . قَالَ خَالِدٌ أَحْسَبُهُ قَالَ " عَلَى ابْنِ السَّبِيلِ فَإِنَّ ذَلِكَ خَيْرٌ " . قَالَ خَالِدٌ قُلْتُ لأَبِي قِلاَبَةَ كَمِ السَّائِمَةُ قَالَ مِائَةٌ .

বাংলা

২৮২১. মুসাদ্দাদ (রহঃ) নুবায়শা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা জনৈক ব্যক্তি উচ্চকণ্ঠে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞসা করে, আমরা জাহিলিয়াতের যুগে রজব মাসে 'আতীরা' করতাম। এখন এ সম্পর্কে আমাদের কি নির্দেশ দেন? তখন তিনি বলেনঃ তোমরা আল্লাহর জন্য যে কোন মাসে কুরবানী করতে পার। তোমরা আল্লাহর নির্দেশের অনুসরণ কর এবং অন্যকে খানা খাওয়াও।

অতঃপর সে ব্যক্তি আবার জিজ্ঞাসা করেঃ আমরা তো জাহিলিয়াতের যুগে ফারাআ' করতাম (অর্থাৎ পশুর প্রথম বাচ্চা মূর্তির নামে যবাহ্ করতাম)। এখন এ সম্পর্কে আপনার অভিমত কি? তিনি বলেনঃ বিচরণকারী প্রত্যেক পশুর মাঝেই ফারাআ আছে। তোমরা তোমাদের পশুদের খাদ্য দিয়ে থাক, এমন কি তারা হাজীদের বহনে সক্ষম হবে, তখন তুমি তাকে যবাহ্ করবে এবং তার মাংস সাদকা করে দেবে।

রাবী খালিদ (রহঃ) বলেনঃ আমি মনে করি, মুসাফিরদের জন্য এটি উত্তম। রাবী খালিদ (রহঃ) পুনরায় বলেনঃ আমি আবূ কিলাবকে জিজ্ঞাসা করেছিলামঃ কয়টি পশুর জন্য এ হুকুম? তিনি বলেনঃ একশতটির জন্য (অর্থাৎ একশতটি পশুর মধ্যে একটা আল্লাহর নামে যবাহ করে দান করবে।)



English

Narrated Nubayshah:

A man called the Messenger of Allah (ﷺ): We used to sacrifice Atirah in pre-Islamic days during Rajab; so what do you command us? He said: Sacrifice for the sake of Allah in any month whatever; obey Allah, Most High, and feed(the people). He said: We used to sacrifice a Fara' in pre-Islamic days, so what do you command us? He said: On every pasturing animal there is a Fara' which is fed by your cattle till it becomes strong and capable of carrying load.

The narrator Nasr said (in his version): When it becomes capable of carrying load of the pilgrims, you may slaughter it and give its meat as charity (sadaqah).

The narrator Khalid's version says: You (may give it) to the travellers, for it is better. Khalid said: I asked AbuQilabah: How many pasturing animals? He replied: One hundred.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ নুবায়শাহ (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন